দৈনিক বাংলা

25

তারিখ 08 DEC 1996
পৃঃ ১ কলাম ৩

একাডেমিক কাউন্সিলের জরুরী সভা

# ডিগ্রীর প্রশ্নপত্র ফাঁস ঃ তদন্তের পর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ঃ একের পর এক ডিগ্রী (পাস) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এই বিষয়ে আজ বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের বৈঠক অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ফিরোজ আহমেদ আক্তার জানান, শনিবার বিকাল ৫টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত

(৫-এর পৃঃ দ্রঃ)

## ডিগ্রীর প্রশ্নপত্র

(প্রথম পৃষ্ঠার পর)

একাডেমিক কাউন্সিলের সভায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনা বিস্তারিত আলোচনা হয়। সভায় গত ৪ নবেম্বর গঠিত তদন্ত কমিটিকে যাবতীয় বিষয় তদন্ত করার ক্ষমতা অনুমোদন এবং কমিটির সুপারিশের ভিত্তিতে কঠোর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে প্রশ্নপত্র ফাঁস হওয়ার সম্ভাব্য কারণসমূহ নিয়েও বিস্তারিত আলোচনা হয়। তবে তদন্তের স্বার্থে আলোচ্য বিষয় প্রকাশ করা হচ্ছে না।

জনাব আক্তার জানান, তদন্ত কমিটিকে সত্য উদঘাটন এবং সুপারিশমালা পেশ করার জন্য ৫ দিনের সময় দেয়া হয়েছে। কমিটির রিপোর্ট পাওয়ার পর কাউন্সিল পুনরায় বৈঠকে বসবে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রো-ভিসি প্রফেসর ডঃ মাহবুব উল্লাহ, ডঃ বোরহান উদ্দীন খান জাহাঙ্গীর, ডীন প্রফেসর আবু আহমেদ, শাহ কেরামত আলী, সৈয়দ দস্তগীর হোসেন, তেজগাঁও কলেজের অধ্যক্ষ তোফায়েল আহমেদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর কাজী দীন মোহাম্মদ, প্রফেসর কামাল উদ্দিন আহমেদ, প্রফেসর এইচ জেড হায়দার, প্রফেসর কেএম মোহসীন, শহীদুল ইসলাম, লুৎফর রহমান, ইডেন কলেজের অধ্যক্ষা আক্তার বানু, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের ডিজি ডঃ হামিদা বানু, প্রফেসর ডঃ মেসবা আলী আহমেদ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দলিল উদ্দিন মন্ডল, ডঃ আবদুর রহমান ও কাউন্সিলের সদস্য সচিব রেজিস্ট্রার ফিরোজ আহমেদ আক্তার উপস্থিত ছিলেন।

কমিটির সদস্যবর্গ প্রশ্নপত্র ফাঁস করার সঙ্গে জড়িতদের খুঁজে বের করে কঠোর শাস্তি দেয়ার পক্ষে ঐকমত্য প্রকাশ করেন।